

কাটোয়া কলেজ

কাটোয়া, পূর্ব বর্ধমান

:: স্কলারশিপ সংক্রান্ত কিছু প্রয়োজনীয় তথ্য ::

- ❖ একজন ছাত্র/ ছাত্রী কেবলমাত্র একটি সরকারি স্কলারশিপের জন্য আবেদন করতে পারবে। প্রত্যেক ছাত্র/ছাত্রী যেন নিজের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নির্দিষ্ট একটি স্কলারশিপের জন্য আবেদন করে। সদ্য প্রথম সেমিস্টারে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা পছন্দসই বিষয়ে ভর্তি হওয়ার পরই যেন স্কলারশিপের জন্য আবেদন করে।
- ❖ ঐক্যশ্রী স্কলারশিপের আবেদনপত্র দিবা বিভাগের অফিসের স্কলারশিপ বিভাগে জমা দিতে হবে।
- ❖ কন্যাশ্রী সংক্রান্ত সকল প্রকার তথ্যের জন্য প্রাতঃ বিভাগের অফিসে যোগাযোগ করতে হবে।
- ❖ বাকি অন্যান্য স্কলারশিপের আবেদনপত্র নিজ নিজ বিভাগের অফিসে জমা দিতে হবে।
- ❖ অনলাইনে স্কলারশিপের জন্য আবেদন করার পর প্রয়োজনীয় নথিসহ স্কলারশিপের আবেদনপত্রটি কলেজের সংশ্লিষ্ট অফিসের স্কলারশিপ বিভাগে অবশ্যই জমা দিতে হবে এবং স্কলারশিপ-রেজিস্টারে সই করতে হবে। অন্যথায় আবেদনপত্র গুলি কলেজ কর্তৃপক্ষ বাতিল করে দিতে বাধ্য হবে। সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।
- ❖ অধ্যক্ষ মহাশয় সরাসরি কোন স্কলারশিপের আবেদনপত্রে স্বাক্ষর করেন না। অধ্যক্ষ মহাশয়ের স্বাক্ষরের জন্য জমা দেওয়া স্কলারশিপের আবেদনপত্র সেইদিনই ফেরত দেওয়া হয় না।
- ❖ কলেজ কর্তৃপক্ষ স্কলারশিপের আবেদনপত্রগুলি জমা নেওয়ার ও ফেরত দেওয়ার জন্য যে দিনগুলি ধার্য্য করবে, শুধুমাত্র সেই দিনগুলিতেই ঐ সমস্ত কাগজপত্র জমা নেওয়া ও ফেরত দেওয়া হবে। অফিসের সমস্ত কাজে ছাত্র-ছাত্রীদের মাস্ক পড়ে আসা এবং যথাযথ কোভিড বিধি মেনে চলা বাধ্যতামূলক।

আদেশানুসারে
অধ্যক্ষ
কাটোয়া কলেজ

